

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা
আদেশ

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪১৪ বঙ্গাব্দ/৬ জুন ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০১-আইন/২০০৭।—যেহেতু ঘানা (Ghana)-তে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা/বার্ডফ্লুর প্রাদুর্ভাব দেখা দিয়াছে এবং উক্ত রোগের কারণে সরকার ঘানা (Ghana) হইতে ১ (এক) দিন বয়সের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঘানা (Ghana) হইতে ১ (এক) দিন বয়সের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করিল।

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর সিদ্দিক মোল্লা
উপ-সচিব (আইআইটি-২)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৬১২৩)

মূল্য : টাকা ২.০০